

**Subject Bengali**  
**2<sup>nd</sup> language**  
**Worksheet**  
**Class-3**

পদ পরিচয় ও পদের শ্রেণীবিভাগ।

পদ পরিচয় ও তার শ্রেণীবিভাগ গুলির ব্যাখ্যা:

পদ-অর্থ যুক্ত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে পদ বলে।

যেমন- বাবা,মা, সূর্য, চন্দ্র।

বাক্যে যে শব্দ ব্যবহার করা হয় তাকে পদ বলে।

যেমন- বিমল বই পড়ে। এই বাক্যে 'বিমল' 'বই' এবং

'পড়ে' প্রতিটি এক একটি পদ।

\*পদের শ্রেণীবিভাগ\*

পদ পাঁচ প্রকার-

১) বিশেষ্য।

২) বিশেষণ।

৩) সর্বনাম।

৪) অব্যয়।

৫) ক্রীয়া।

১) বিশেষ্য পদ-যে পদের দ্বারা কোন ব্যক্তি, বস্তু ,সমষ্টি, গুণ বা অবস্থার নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে।

যেমন-১) সুজাতা গান গায়।

২) সভায় অনেক লোক জমেছে ।

৩) সে কলকাতায় বাস করে।

৪) সোনা খুব দামি ধাতু।

এই উদাহরণ গুলি মধ্যে সুজাতা ,সভায়, কলকাতা ,সোনা প্রত্যেকটি বিশেষ্য অর্থাৎ নাম প্রকাশ পেয়েছে।

**বিশেষণ পদ:** যে পদের দ্বারা অন্য কোন পদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয় সেই পদকে বিশেষণ পদ বলে অর্থাৎ যে পদ দিয়ে অন্য যে কোনো পদ বিশেষ্য সর্বনাম ক্রিয়াপদের দোষ গুণ অবস্থা সংখ্যা পরিমাণ ইত্যাদি বোঝানো হয় সেই পদকে আমরা বিশেষণ পদ বলে থাকি।

যেমন-১) একটি লাল গোলাপ ফুল।

২) তিনি ধনী ব্যক্তি হলেও সৎ।

৩) দুই কেজি চাল দিন।

এই উদাহরণ গুলিতে আমরা দেখতে পাই গোলাপ ফুলটির রং লাল, ব্যক্তিটি ধনী কিন্তু সৎ , দুই কেজি প্রভৃতি পদ বলি অন্য একটি পদের সম্বন্ধে বলেছে অর্থাৎ পদকে বিশেষিত করেছে তাই এই পদ গুলি হল বিশেষণ পদ।

১) **নীচের প্রশ্নগুলির উত্তর দাও।**

ক) পদ কাকে বলে?

খ) পদ কয় প্রকার ও কি কি?

গ) বিশেষ্য পদ কাকে বলে?

ঘ) যেকোনো দুটি বিশেষ্য পদের উদাহরণ দাও ।

(এই উত্তরটিতে তোমাদের ইচ্ছামত উদাহরণ দিতে পারো।)

ঙ) বিশেষণ পদ কাকে বলে?

চ) যে কোনো একটি উদাহরণ দাও ।

\*\*\*\*\*